আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা-১০০০।

ডিএফআইএম সার্কুলার লেটার নং-০৫ তারিখঃ ২১ মার্চ ২০১৯ / ০৭ চৈত্র ১৪২৫

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক,
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**আর্থিক প্রতিষ্ঠানসমূহের ব্যবসায় উন্নয়ন কেন্দ্র স্থাপন প্রসঙ্গে**

শিরোনামোক্ত বিষয়ে ডিএফআইএম সার্কুলার নং-০৭, তারিখ ঃ জুন ২৮, ২০১০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে ব্যবসায় উন্নয়ন কেন্দ্র/ কাস্টমার সার্ভিস সেন্টার/ কল সেন্টার/ ইউনিট অফিস/ সেলস অফিস স্থাপনের জন্য উক্ত সার্কুলারে **‘ঘ’** অনুচ্ছেদ নিম্নোক্তভাবে সংযোজিত হলোঃ-

আর্থিক প্রতিষ্ঠানসমূহের শাখা/বুথ স্থাপন/স্থানান্তরের পাশাপাশি যে কোন ধরণের ব্যবসায় উন্নয়ন কেন্দ্র (বিজনেস ডেভেলপমেন্ট সেন্টার/ কাস্টমার সার্ভিস সেন্টার/ কল সেন্টার/ ইউনিট অফিস/ সেলস অফিস ইত্যাদি যে নামেই অভিহিত করা হোক না কেন) স্থাপনের জন্য পরিচালনা পর্ষদের সিদ্ধান্তের কপিসহ নির্দিষ্ট ছকে (**সংযোজনী ক**) বাংলাদেশ ব্যাংকের নিকট পূর্বানুমোদনের জন্য আবেদন করতে হবে। এ ধরণের স্থাপনায় আমানত গ্রহণ বা ঋণ/লীজ প্রদান সংক্রান্ত কোন আর্থিক লেনদেন সম্পাদন করা যাবে না। তবে এলাকা ভিত্তিক গ্রাহক সেবা, পরামর্শ প্রদান, অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তিকরণ, প্রতিষ্ঠানের মানব সম্পদ উন্নয়নসহ সরাসরি অর্থায়ন ব্যবসা নয় এমন কার্যক্রম পরিচালনা করা যেতে পারে।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ সহিদুল ইসলাম)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১৭৮

সংযোজনী ‘ক’

# ব্যবসায় উন্নয়ন কেন্দ্র স্থাপন সংক্রান্ত তথ্যাদি

১. আর্থিক প্রতিষ্ঠানের নামঃ

২. বিদ্যমান ব্যবসায় উন্নয়ন কেন্দ্রের সংখ্যাঃ

৩. প্রস্তাবিত ব্যবসায় উন্নয়ন কেন্দ্রের ঠিকানাঃ

৪. ব্যবসায় উন্নয়ন কেন্দ্র স্থাপনের উদ্দেশ্যঃ

৫. নিয়ন্ত্রণকারী শাখা/ অফিসের নাম ও দূরত্বঃ

৬. প্রস্তাবিত অফিসের ভবন নির্বাচন এবং অফিস সজ্জার কোন আসবাবপত্র ক্রয়ে আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী/ পরিচালকদের কোন স্বার্থসংশ্লিষ্টতা আছে কিনা?
(এতদ্সংক্রান্ত ঘোষণাপত্র আবেদনের সাথে আলাদাভাবে দাখিল করতে হবে)

৭. প্রস্তাবিত ব্যবসায় উন্নয়ন কেন্দ্রের জন্য ভবন ভাড়ার বিবরণঃ
(প্রস্তাবিত ভবনের ভাড়া বাজারভিত্তিক হতে হবে।)

৮. প্রস্তাবিত ব্যবসায় উন্নয়ন কেন্দ্রের সম্ভাব্য লোকবলঃ

৯. প্রস্তাবিত ব্যবসায় উন্নয়ন কেন্দ্র খোলার ব্যয়ঃ

(ব্যয় সংক্রান্ত খাতওয়ারী বিভাজন নিম্নোক্ত ছক অনুযায়ী আলাদা ভাবে সংযোজন করতে হবে এবং এক্ষেত্রে ১৮ নভেম্বর ২০১৫ তারিখের ডিএফআইএম সার্কুলার নং ১২ এর ২(খ) ধারার নির্দেশনা প্রযোজ্য হবে)

| ক্রমিক নং | খরচের খাত/বিবরণ | খরচের পরিমান (টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|

১০. নিরাপত্তা বিষয়ক গৃহীতব্য ব্যবস্থার বিবরণঃ

১১. অন্যান্য (প্রযোজ্য ক্ষেত্রে)ঃ

(ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহীর স্বাক্ষর)